অধ্যায় ০২

যোগ

আলোচ্য বিষয়

▸ যোগ ▸ একক, দশক, শতক ও হাজারের অঙ্কের সংখ্যার যোগ ▸ খালিঘর পূরণ ▸ উপর-নিচ, পাশাপাশি যোগ ▸ গাণিতিক বাক্য তৈরিকরণ ▸ বাক্য দিয়ে গল্প তৈরি।

অধ্যায়ের প্রয়োজনীয় বিষয়

- '+' হচ্ছে যোগ চিহ্ন।
- স্থানীয় মান ব্যবহার করে যোগ করা যায়। প্রথমে একক স্থানের অঙ্ক যোগ করতে হয়। এরপর প্রয়োজনমতো ক্রমান্বয়ে দশক, শতক, হাজার, অযুত, লক্ষ স্থানের অঙ্ক যোগ করতে হয়। যেমন : ২৩৫৪ + ১২৩১ = ৩৫৮৫।
- যোগ করার সময় সর্বদা এককের ঘর অর্থাৎ ডানপাশের ঘর থেকে শুরু করতে হয়।
- উপরে-নিচে বা পাশাপাশি লিখে যোগ করার সময় ফলাফল যথাযথ স্থানে বসাতে হয়। যেমন : এককের ঘরে একক স্থানীয় অঙ্কের যোগফল, দশকের ঘরে দশক স্থানীয় অঙ্কের যোগফল, ... ইত্যাদি।
- পাশাপাশি যোগের ক্ষেত্রে– একটি একটি করে একক স্থান থেকে পরবর্তী বড় স্থানের অঙ্কগুলো যোগ করতে হয়। এরপর হিসাব করা অঙ্কগুলোর উপর '׳' চিহ্ন বসালে সুবিধা হয়।
- হাতে রেখে যোগ করার সময় সতর্ক হতে হয়।
- যোগ সংক্রান্ত সমস্যায় 'সব মিলিয়ে', 'একত্রে', 'মোট' ইত্যাদি শব্দ ব্যবহৃত হয়।



শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

শিখন অভিজ্ঞতার মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব–

- যোগ-বিয়োগ সংক্রান্ত সমস্যা সমাধানের ধাপসমূহের ধারাবাহিকতা (এলগরিদম) অনুযায়ী সমাধান করে উৎসাহের সাথে দৈনন্দিন জীবনের বিভিন্ন সমস্যা সমাধান করতে পারব।

অধ্যায়ের শিখনফল

- অনূর্ধ্ব চার অঙ্কবিশিষ্ট সর্বোচ্চ তিনটি/চারটি সংখ্যা উপর-নিচ ও পাশাপাশি যোগ করতে পারব।
- অনূর্ধ্ব পাঁচ অঙ্কবিশিষ্ট সর্বোচ্চ তিনটি সংখ্যা যোগ করতে পারব।
- অনূর্ধ্ব পাঁচ অঙ্কবিশিষ্ট সর্বোচ্চ চারটি সংখ্যা যোগ করতে পারব যেখানে যোগফল অনূর্ধ্ব ১ লক্ষ।
- যোগ সংক্রান্ত গাণিতিক সমস্যা সমাধান করতে পারব।

প্রয়োজনীয় উপকরণ সামগ্রী

সংখ্যা কার্ড, হাজার, শতক, দশক, এককের কার্ড, চার্ট, পাঠ্যপুস্তক, পাঠ্যপুস্তকের সংশ্লিষ্ট পৃষ্ঠার ছবি, ডিজিটাল কন্টেন্ট, মাল্টিমিডিয়া, শিক্ষক সহায়িকা ইত্যাদি।

ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা, শিখনযোগ্যতা অর্জনোপযোগী পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি ও গুরুত্বপূর্ণ নমুনা প্রশ্নোত্তর এ অংশে দেওয়া হলো। শিক্ষক সহায়িকায় উল্লিখিত মূল্যায়ন ক্ষেত্র ও নির্দেশনার আলোকে প্রণীত পাঠগুলো তোমাদের ধারাবাহিক মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি (একক ও দলীয় কাজ) — বুঝে পড়ি ও ভালোভাবে শিখে নিই

সেশন ১ | স্থানীয়মান ব্যবহার করে যোগ করি (অনূর্ধ্ব তিন অঙ্কের সংখ্যা সর্বোচ্চ দুটি) ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

১ যোগ করি ▸ পাঠ্যবই, পৃষ্ঠা-২০ এর অনুশীলনের সমাধান

(১) ৩৩৩ + ৪৪ = ☐ (২) ৫০০ + ২০০ = ☐

(৩) ২৩৪ + ১৫৫ = ☐ (৪) ৫৩ + ৪১২ = ☐

(৫) ৫১০ + ২৪৫ = ☐ (৬) ২৫০ + ২২ = ☐

(৭) ১৬ + ৩৫২ (৮) ২৫৩ + ৫২৪ (৯) ৪১৫ + ২৩০

সমাধান :

(১) ৩৩৩ + ৪৪ = ৩৭৭ (২) ৫০০ + ২০০ = ৭০০

(৩) ২৩৪ + ১৫৫ = ৩৮৯ (৪) ৫৩ + ৪১২ = ৪৬৫

(৫) ৫১০ + ২৪৫ = ৭৫৫ (৬) ২৫০ + ২২ = ২৭২

(৭) ১৬ + ৩৫২ = ৩৬৮ (৮) ২৫৩ + ৫২৪ = ৭৭৭ (৯) ৪১৫ + ২৩০ = ৬৪৫

সেশন ২ | স্থানীয়মান ব্যবহার করে যোগ করি (অনূর্ধ্ব চার অঙ্কের সংখ্যা সর্বোচ্চ তিনটি) ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

২ যোগ করি ▸ পাঠ্যবই, পৃষ্ঠা-২১ এর অনুশীলনের সমাধান

(১) ২০০ + ৩০০ + ৪০০ = ☐ (২) ৩২১ + ১২৩ + ২২২ = ☐

(৩) ১৪৭ + ৪০১ + ২৫১ = ☐ (৪) ২২২ + ১১১ + ৫৫৫ = ☐

(৫) ৩৫২ + ২৩৪ + ৩১১ (৬) ৬১০ + ১৭৩ + ১১৬ (৭) ৫৩২ + ৫৫ + ৪০১

সমাধান :

(১) ২০০ + ৩০০ + ৪০০ = ৯০০ (২) ৩২১ + ১২৩ + ২২২ = ৬৬৬

(৩) ১৪৭ + ৪০১ + ২৫১ = ৭৯৯ (৪) ২২২ + ১১১ + ৫৫৫ = ৮৮৮

(৫) ৩৫২ + ২৩৪ + ৩১১ = ৮৯৭ (৬) ৬১০ + ১৭৩ + ১১৬ = ৮৯৯ (৭) ৫৩২ + ৫৫ + ৪০১ = ৯৮৮

সেশন ৩ স্থানীয়মান ব্যবহার করে যোগ করে খালিঘর পূরণ করি (অনূর্ধ্ব চার অঙ্কের সংখ্যা সর্বোচ্চ তিনটি)

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

১ চার অঙ্কের সংখ্যা যোগ করি

▸ পাঠ্যবই, পৃষ্ঠা-২১ এর কাজের সমাধান

২১৩৩ + ২১১৩ + ৫৩৪৩ = ☐

আমরা তিন অঙ্কের সংখ্যার মতোই চার অঙ্কের সংখ্যার যোগ করতে পারি।

সমাধান :

	২	১	৩	৩
	২	১	১	৩
+	৫	৩	৪	৩
	৯	৫	৮	৯

একক স্থান : ৩ + ৩ + ৩ = ৯
দশক স্থান : ৩ + ১ + ৪ = ৮
শতক স্থান : ১ + ১ + ৩ = ৫
হাজার স্থান : ২ + ২ + ৫ = ৯

∴ ২১৩৩ + ২১১৩ + ৫৩৪৩ = ৯৫৮৯

২ যোগ করি

▸ পাঠ্যবই, পৃষ্ঠা-২২ এর অনুশীলনের সমাধান

(১) ১০৫ + ২৩০ + ৩৩ = ☐

(২) ৩৩৩৩ + ৪৪৪৪ + ২২২২ = ☐

(৩) ২৪৩ + ৪১০ + ২০২ = ☐

(৪) ৩৪১২ + ২১৩১ + ৪২৪৩ = ☐

সমাধান :

(১) ১০৫ + ২৩০ + ৩৩ = ৩৬৮

(২) ৩৩৩৩ + ৪৪৪৪ + ২২২২ = ৯৯৯৯

(৩) ২৪৩ + ৪১০ + ২০২ = ৮৫৫

(৪) ৩৪১২ + ২১৩১ + ৪২৪৩ = ৯৭৮৬

৩ যোগ করি

▸ পাঠ্যবই, পৃষ্ঠা-২৭ এর অনুশীলনের সমাধান

(১) ২৩১২ + ৩ + ২৪০ + ২৩ = ☐

(২) ২৩৪০ + ৩০০৩ + ২১০২ + ২৪১ = ☐

(৩) ২২২২ + ১১১১ + ৪৩২১ + ১২৩৪ = ☐

(৪) ৪১৩৩ + ২৩০১ + ১৪২৫ + ২১৪০ = ☐

(৫) ১০৩২ + ৪১৩০ + ৩৬১৫ + ১২১১

(৬) ২৫০২ + ৩১৬৩ + ২২১১ + ১০১১

(৭) ৩০৪১ + ৪০৩ + ৪২৫৫ + ১৩০০

(৮) ৩০৫৪ + ৪৩২ + ৪৩১০

(৯) ৪১৩১ + ৩৪২২ + ১০৪৪

(১০) ৪০৩০ + ১৪১৫ + ২৩৫১

সমাধান :

(১) ২৩১২ + ৩ + ২৪০ + ২৩ = ২৫৭৮

(২) ২৩৪০ + ৩০০৩ + ২১০২ + ২৪১ = ৭৬৮৬

(৩) ২২২২ + ১১১১ + ৪৩২১ + ১২৩৪ = ৮৮৮৮

(৪) ৪১৩৩ + ২৩০১ + ১৪২৫ + ২১৪০ = ৯৯৯৯

(৫) ১০৩২ + ৪১৩০ + ৩৬১৫ + ১২১১ = ৯৯৮৮

(৬) ২৫০২ + ৩১৬৩ + ২২১১ + ১০১১ = ৮৮৮৭

(৭) ৩০৪১ + ৪০৩ + ৪২৫৫ + ১৩০০ = ৮৯৯৯

(৮) ৩০৫৪ + ৪৩২ + ৪৩১০ = ৭৭৯৬

(৯) ৪১৩১ + ৩৪২২ + ১০৪৪ = ৮৫৯৭

(১০) ৪০৩০ + ১৪১৫ + ২৩৫১ = ৭৭৯৬

২ বন্ধুর সঙ্গে সংখ্যা কার্ড নিয়ে খেলি

কাগজ কেটে এক, দশ, শত ও হাজারের সংখ্যা কার্ড তৈরি করি। কার্ডগুলো থেকে ইচ্ছেমতো কার্ড নিয়ে চার অঙ্কের সংখ্যা তৈরি করি। প্রাপ্ত সংখ্যাটি বন্ধুর সংখ্যার সঙ্গে যোগ করি।

▸ পাঠ্যবই, পৃষ্ঠা-২২ এর কাজের সমাধান

সমাধান : কাগজ কেটে এক, দশ, শত ও হাজারের সংখ্যা কার্ড তৈরি করি।

[১] [১০] [১০০] [১০০০]

এখন, কার্ডগুলো থেকে ইচ্ছেমতো কার্ড নিয়ে চার অঙ্কের সংখ্যা হলো : [১] [১০০]

মনে করি, বন্ধুর সংখ্যা [১] [২] [৩] [৪]

আমার প্রাপ্ত সংখ্যাটি বন্ধুর সংখ্যার সঙ্গে যোগ করি :

```
   [১][১ ০ ০]
 + [১][২][৩][৪]
 ──────────────
   [২][৩][৩][৪]
```

সেশন ৪ খালিঘর পূরণ করে যোগ করি (অনূর্ধ্ব চার অঙ্কের সংখ্যা সর্বোচ্চ চারটি)

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

১ যোগ করি

▸ পাঠ্যবই, পৃষ্ঠা-২৩ এর অনুশীলনের সমাধান

(১) ২২৮ + ৩৫৬ = □ (২) ৩৪৫ + ৪৭৪ = □

(৩) ৪৬৭ + ২৪৫ = □ (৪) ৬৮৩ + ৩২৮ = □

```
(৫)   ৪ ৩ ৬      (৬)   ৫ ১ ৯      (৭)   ৬ ৩ ৫
    + ৩ ৭ ৮          + ২ ৮ ৪          + ৩ ৭ ৯
    ───────          ───────          ───────
```

সমাধান :

(১) ২২৮ + ৩৫৬ = [৫৮৪] (২) ৩৪৫ + ৪৭৪ = [৮১৯]

(৩) ৪৬৭ + ২৪৫ = [৭১২] (৪) ৬৮৩ + ৩২৮ = [১০১১]

```
(৫)   ৪ ৩ ৬      (৬)   ৫ ১ ৯      (৭)   ৬ ৩ ৫
    + ৩ ৭ ৮          + ২ ৮ ৪          + ৩ ৭ ৯
    ───────          ───────          ───────
      ৮ ১ ৪            ৮ ০ ৩          ১ ০ ১ ৪
```

২ খালিঘরের সংখ্যা খুঁজে বের করি

▸ পাঠ্যবই, পৃষ্ঠা-২৩ এর অনুশীলনের সমাধান

(১) □ ১০ + ২ □ ৫ + ১০ □ = ৮৫৭

(২) ৩ □ ১২ + □ ১৩১ + ৪২ □ ৬ = ৯৭৮ □

```
(৩)  ৪ ১ □ ০          (৪)  ৩ ০ □ ০
       □ ৩ ৪               □ ৬ ২ ৭
     □ ০ ৪ ৫               ৪ □ ০ ১
     ───────               ───────
     ৬ ৩ ৯ □               ৮ ৮ ৬ □
```

সমাধান :

(১) [৫] ১০ + ২ [৪] ৫ + ১০ [২] = ৮৫৭

(২) ৩ [৪] ১২ + [২] ১৩১ + ৪২ [৪] ৬ = ৯৭৮ [৯]

```
(৩)  ৪ ১ [২] ০          (৪)  ৩ ০ [৪] ০
      [২] ৩ ৪               [১] ৬ ২ ৭
     [২] ০ ৪ ৫               ৪ [২] ০ ১
     ─────────               ─────────
     ৬ ৩ ৯ [৯]               ৮ ৮ ৬ [৮]
```

সেশন ৫ | উপর নিচ ও পাশাপাশি যোগ করি (অনূর্ধ্ব চার অঙ্কের সংখ্যা সর্বোচ্চ দুটি)

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

৩ উপর-নিচ যোগ করি

▸ পাঠ্যবই, পৃষ্ঠা-২৪ এর অনুশীলনের সমাধান

(১)

	২	১	৩	৩
+	৫	৪	২	৩

(২)

	৬	৩	৮	২
+	১	৬	৭	৬

(৩)

	৫	৯	১	৩
+			৬	৮

(৪)

	২	৮	৭	৬
+	৫	৮	২	৩

(৫)

	৮	০	৯	৭
+	১	৭	৮	৬

(৬)

	৯	৫	৮	৪
+		৪	৬	৯

সমাধান :

(১)

	২	১	৩	৩
+	৫	৪	২	৩
	৭	৫	৫	৬

(২)

	৬	৩	৮	২
+	১	৬	৭	৬
	৮	০	৫	৮

(৩)

	৫	৯	১	৩
+			৬	৮
	৫	৯	৮	১

(৪)

	২	৮	৭	৬
+	৫	৮	২	৩
	৮	৬	৯	৯

(৫)

	৮	০	৯	৭
+	১	৭	৮	৬
	৯	৮	৮	৩

(৬)

		৯	৫	৮	৪
+			৪	৬	৯
	১	০	০	৫	৩

৪ পাশাপাশি যোগ করি

▸ পাঠ্যবই, পৃষ্ঠা-২৪ এর অনুশীলনের সমাধান

(১) ২৪০ + ২৩১২
(২) ২৫৩৭ + ১৮২৪
(৩) ৩৬২৮ + ৪৫৯১
(৪) ৩২৭ + ৮৯৬
(৫) ৬৮৭ + ২৩৬৫
(৬) ৭ + ২৪৫৩

সমাধান :

(১) ২৪০ + ২৩১২ = ২৫৫২
(২) ২৫৩৭ + ১৮২৪ = ৪৩৬১
(৩) ৩৬২৮ + ৪৫৯১ = ৮২১৯
(৪) ৩২৭ + ৮৯৬ = ১২২৩
(৫) ৬৮৭ + ২৩৬৫ = ৩০৫২
(৬) ৭ + ২৪৫৩ = ২৪৬০

সেশন ৬ | হিসাব করি (অনূর্ধ্ব চার অঙ্কের সংখ্যা সর্বোচ্চ চারটি)

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

৬ যোগ করি

▸ পাঠ্যবই, পৃষ্ঠা-২৫ এর অনুশীলনের সমাধান

(১) ৩৪১২ + ২১৩১ + ৪২৪৩
(২) ১৫২১ + ৪৮৩৯ + ২৮১৭
(৩) ৩৪১৮ + ১৬৭৩ + ৩৬২৮
(৪) ৭১৮ + ৪২১ + ৫৯৪
(৫) ১৬৮ + ১৬৯৫ + ২৪৫৩
(৬) ১৪৮৫ + ৩২৭ + ৪৫

সমাধান :

(১) ৩৪১২ + ২১৩১ + ৪২৪৩ = ৯৭৮৬
(২) ১৫২১ + ৪৮৩৯ + ২৮১৭ = ৯১৭৭
(৩) ৩৪১৮ + ১৬৭৩ + ৩৬২৮ = ৮৭১৯
(৪) ৭১৮ + ৪২১ + ৫৯৪ = ১৭৩৩
(৫) ১৬৮ + ১৬৯৫ + ২৪৫৩ = ৪৩১৬
(৬) ১৪৮৫ + ৩২৭ + ৪৫ = ১৮৫৭

৭ যোগ করি

▸ পাঠ্যবই, পৃষ্ঠা-২৫ এর অনুশীলনের সমাধান

(১)

	৩	০	৪	১
		৪	০	৩
	৪	২	৫	৫
+	১	৩	০	০

(২)

	২	৫	০	৩
		৬	১	৫
	৮	১	০	১
+	১	১	২	০

(৩) ২১৫০ + ৩৫১৮ + ১৩১০ + ১৪১৩

(৪) ২৪৬১ + ৩৮৯ + ৩৯০৮ + ৮৮

সমাধান : (১)

		৩	০	৪	১
			৪	০	৩
		৪	২	৫	৫
+		১	৩	০	০
		৮	৯	৯	৯

(২)

		২	৫	০	৩
			৬	১	৫
		৮	১	০	১
+		১	১	২	০
	১	২	৩	৩	৯

(৩) ২১৫০ + ৩৫১৮ + ১৩১০ + ১৪১৩ = ৮৩৯১

(৪) ২৪৬১ + ৩৮৯ + ৩৯০৮ + ৮৮ = ৬৮৪৬

৮ একটি চিড়িয়াখানায় গতকাল ২৭৫৪ জন দর্শনার্থী এসেছিল এবং আজকে ৩৬৫৬ জন দর্শনার্থী এসেছে। দুই দিনে চিড়িয়াখানায় মোট কতজন দর্শনার্থী এসেছে?

▸ পাঠ্যবই, পৃষ্ঠা-২৫ এর অনুশীলনের সমাধান

সমাধান : গাণিতিক বাক্য : ২৭৫৪ + ৩৬৫৬ = ☐

হিসাব : ২৭৫৪
+ ৩৬৫৬
———
৬৪১০

∴ ২৭৫৪ + ৩৬৫৬ = ৬৪১০

∴ দুই দিনে চিড়িয়াখানায় মোট ৬৪১০ জন দর্শনার্থী এসেছে।

▸ **বিকল্প পদ্ধতি**

গতকাল দর্শনার্থী এসেছিল ২৭৫৪ জন

আজ দর্শনার্থী এসেছে (+) ৩৬৫৬ জন

দুই দিনে মোট দর্শনার্থী এসেছে ৬৪১০ জন

∴ দুই দিনে চিড়িয়াখানায় মোট দর্শনার্থী এসেছে ৬৪১০ জন।

৯ একটি পাইকারি দোকানে ৪৪১৬ বস্তা চাল, ৩২৪১ বস্তা গম এবং ১৫৩৭ বস্তা চিনি আছে। ঐ দোকানে কতগুলো বস্তা আছে?

▸ পাঠ্যবই, পৃষ্ঠা-৩০ এর অনুশীলনের সমাধান

সমাধান : গাণিতিক বাক্য : ৪৪১৬ + ৩২৪১ + ১৫৩৭ = ☐

হিসাব : ৪৪১৬
৩২৪১
+ ১৫৩৭
———
৯১৯৪

∴ ৪৪১৬ + ৩২৪১ + ১৫৩৭ = ৯১৯৪

∴ ঐ দোকানে ৯১৯৪ টি বস্তা আছে।

▸ **বিকল্প পদ্ধতি**

চাল ৪৪১৬ বস্তা

গম ৩২৪১ বস্তা

(+) চিনি ১৫৩৭ বস্তা

মোট ৯১৯৪ বস্তা

∴ ঐ দোকানে মোট ৯১৯৪ টি বস্তা আছে।

সেশন ৭ গাণিতিক বাক্য ব্যবহার করে হিসাব করি (অনূর্ধ্ব চার অঙ্কের সংখ্যা সর্বোচ্চ চারটি) ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

১ যোগ করি

▸ পাঠ্যবই, পৃষ্ঠা-২৬ এর অনুশীলনের সমাধান

(১) ৪৩১২১ + ১৪৪৫৭

(২) ৩২৬৭৫ + ১৩৯৮

(৩) ৩৯৬৫০ + ১৬৩৯৮

(৪) ২৮৪৩৮ + ১৭৬৫৩

(৫) ৪৩৭৫৬ + ৩৭২৭৫

(৬) ২৩৮৩৬ + ৪৫৬১৮

(৭) ৫৭১২২ + ২২৬৭৯

(৮) ৯৯৯৯৯ + ১

সমাধান :

(১) ৪৩১২১ + ১৪৪৫৭ = ৫৭৫৭৮

(২) ৩২৬৭৫ + ১৩৯৮ = ৩৪০৭৩

(৩) ৩৯৬৫০ + ১৬৩৯৮ = ৫৬০৪৮

(৪) ২৮৪৩৮ + ১৭৬৫৩ = ৪৬০৯১

(৫) ৪৩৭৫৬ + ৩৭২৭৫ = ৮১০৩১

(৬) ২৩৮৩৬ + ৪৫৬১৮ = ৬৯৪৫৪

(৭) ৫৭১২২ + ২২৬৭৯ = ৭৯৮০১

(৮) ৯৯৯৯৯ + ১ = ১০০০০০

২ যোগ করি

▸ পাঠ্যবই, পৃষ্ঠা-২৬ এর অনুশীলনের সমাধান

(১) ১৪২৭৫ + ২৩৫৩২ + ৩৭১২৬
(২) ৪০৩০৫ + ৫২৪৬ + ৩০৮৩৭
(৩) ১২৫৪৭ + ২০৮৩৪ + ৩১২৭৬ + ১৮৪২০
(৪) ৩১৯৮৩ + ৬৪৩ + ৪২১০ + ২৪৫৮১

সমাধান : (১) ১৪২৭৫ + ২৩৫৩২ + ৩৭১২৬ = ৭৪৯৩৩
(২) ৪০৩০৫ + ৫২৪৬ + ৩০৮৩৭ = ৭৬৩৮৮
(৩) ১২৫৪৭ + ২০৮৩৪ + ৩১২৭৬ + ১৮৪২০ = ৮৩০৭৭
(৪) ৩১৯৮৩ + ৬৪৩ + ৪২১০ + ২৪৫৮১ = ৬১৪১৭

৩ একটি দোকানে জানুয়ারি মাসে ৩৪২৯৫ টাকার চকলেট, ১৩৭২০ টাকার বিস্কুট এবং ১৪৮৫৩ টাকার চানাচুর বিক্রি হয়। ঐ দোকানে সর্বমোট কত টাকার জিনিস বিক্রি হয়?

▸ পাঠ্যবই, পৃষ্ঠা-২৬ এর অনুশীলনের সমাধান

সমাধান : গাণিতিক বাক্য : ৩৪২৯৫ + ১৩৭২০ + ১৪৮৫৩ = ☐

হিসাব :
```
   ৩৪২৯৫
   ১৩৭২০
 + ১৪৮৫৩
 --------
   ৬২৮৬৮
```
∴ ৩৪২৯৫ + ১৩৭২০ + ১৪৮৫৩ = ৬২৮৬৮
∴ ঐ দোকানে সর্বমোট ৬২৮৬৮ টাকার জিনিস বিক্রি হয়।

▸ বিকল্প পদ্ধতি

চকলেট বিক্রি হয়	৩৪২৯৫ টাকার
বিস্কুট বিক্রি হয়	১৩৭২০ টাকার
চানাচুর বিক্রি হয় (+)	১৪৮৫৩ টাকার
সর্বমোট বিক্রি হয়	৬২৮৬৮ টাকার

∴ ঐ দোকানে সর্বমোট ৬২৮৬৮ টাকার জিনিস বিক্রয় হয়।

৪ পাশের ছকটি একটি চকলেটের দোকানের বিক্রয় তালিকা। জানুয়ারি থেকে এপ্রিল মাস পর্যন্ত সর্বমোট কত টাকার চকলেট বিক্রিয় হয়েছে?

জানুয়ারী	১২৩৭৬ টাকা
ফেব্রুয়ারি	১৫৭৫৩ টাকা
মার্চ	২১৬৫৪ টাকা
এপ্রিল	২৮৭৬৫ টাকা

▸ পাঠ্যবই, পৃষ্ঠা-২৬ এর অনুশীলনের সমাধান

সমাধান : গাণিতিক বাক্য :

১২৩৭৬ + ১৫৭৫৩ + ২১৬৫৪ + ২৮৭৬৫ = ☐

হিসাব :
```
   ১২৩৭৬
   ১৫৭৫৩
   ২১৬৫৪
 + ২৮৭৬৫
 --------
   ৭৮৫৪৮
```
∴ ১২৩৭৬ + ১৫৭৫৩ + ২১৬৫৪ + ২৮৭৬৫ = ৭৮৫৪৮
∴ সর্বমোট ৭৮৫৪৮ টাকার চকলেট বিক্রি হয়েছে।

▸ বিকল্প পদ্ধতি

জানুয়ারি মাসে বিক্রি হয়েছে		১২৩৭৬ টাকা
ফেব্রুয়ারি মাসে বিক্রি হয়েছে		১৫৭৫৩ টাকা
মার্চ মাসে বিক্রি হয়েছে	(+)	২১৬৫৪ টাকা
এপ্রিল মাসে বিক্রি হয়েছে		২৮৭৬৫ টাকা
সর্বমোট বিক্রি হয়েছে		৭৮৫৪৮ টাকা

∴ সর্বমোট ৭৮৫৪৮ টাকার চকলেট বিক্রি হয়েছে।

সেশন ৮ খালিঘরে ইচ্ছেমতো সংখ্যা বসিয়ে যোগ করি ও গল্প তৈরি করি (অনূর্ধ্ব পাঁচ অঙ্কের সংখ্যা সর্বোচ্চ চারটি)

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

৫ খালিঘরে ইচ্ছেমতো সংখ্যা বসিয়ে যোগ করি এবং গল্প তৈরি করি।

▸ পাঠ্যবই, পৃষ্ঠা-২৭ এর অনুশীলনের সমাধান

৩৮৪৫ + ১৫০০ + ৭০০	→	৬০৪৫	(১) ফাতেমার ৩৮৪৫ টাকা ছিল। তার বাবা তাকে ঈদে ১৫০০ টাকা এবং মা ৭০০ টাকা দিলেন। এখন তার মোট কত টাকা হলো?
☐ + ☐ + ☐	→		(২)
☐ + ☐	→		(৩)
☐ + ☐ + ☐	→		(৪)

সমাধান :

৩৮৪৫ + ১৫০০ + ৭০০	⟶	৬০৪৫	(১) ফাতেমার ৩৮৪৫ টাকা ছিল। তার বাবা তাকে ঈদে ১৫০০ টাকা এবং মা ৭০০ টাকা দিলেন। এখন তার মোট কত টাকা হলো?
১৫০০ + ৩৫০ + ৭০০	⟶	২৫৫০	(২) মুনতাছির বাজার থেকে ১৫০০ টাকার চাল, ৩৫০ টাকার ডাল এবং ৭০০ টাকার মাছ কিনল। সে মোট কত টাকা খরচ করলো?
১৪২৫ + ১৩৮০	⟶	২৮০৫	(৩) কোনো বিদ্যালয়ে ১৪২৫ জন ছাত্র এবং ১৩৮০ জন ছাত্রী রয়েছে। ঐ বিদ্যালয়ে মোট কতজন শিক্ষার্থী রয়েছে?
৬০০ + ২০০ + ১০০	⟶	৯০০	(৪) আবিদের কাছে ৬০০টি মারবেল ছিল। তার বড়ো ভাই তাকে ২০০টি এবং বড়ো বোন ১০০টি মারবেল দিল। এখন তার মোট কতটি মারবেল হলো?

চ্যালেঞ্জ

৬ ইচ্ছেমতো পাঁচ অঙ্কের কিছু সংখ্যা নিয়ে যোগ করি যেগুলোর যোগফল ১০০০০০ [১ম ধাপ] দুই সংখ্যা নিয়ে

▸ পাঠ্যবই, পৃষ্ঠা-২৭ এর অনুশীলনের সমাধান

+					
১	০	০	০	০	০

আমি কাজটি কীভাবে করব? কাজটি কঠিন মনে হচ্ছে

প্রথমে একক স্থানের অঙ্ক থেকে শুরু করি। হাতে রাখা অঙ্কটিসহ প্রতি ঘরে যোগফল ১০ করি।

একটি করে দেখানো হলো

	১	১	১		
	৩	৯	৯	৮	০
+	৬	০	০	২	০
১	০	০	০	০	০

সমাধান : ইচ্ছেমতো পাঁচ অঙ্কের কিছু সংখ্যা নিয়ে যোগ করি যেগুলোর যোগফল ১০০০০০

[১ম ধাপ দুই সংখ্যা এবং ২য় ধাপ ৩টি সংখ্যা নিয়ে]

১ম ধাপ

	১	১	১		
	৭	৬	৫	৩	০
+	২	৩	৪	৭	০
১	০	০	০	০	০

২য় ধাপ

	১	১	১	১	
	৪	৭	২	৫	৩
	৩	২	৪	০	২
+	২	০	৩	৪	৫
১	০	০	০	০	০

৭ সংখ্যা কার্ড দিয়ে জোড়ায় জোড়ায় খেলি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা-২৭ এর অনুশীলনের সমাধান

ছয়টি চার অঙ্কের সংখ্যা কার্ড থেকে ৩টি কার্ড লটারির মাধ্যমে নিয়ে, কার্ডে লেখা সংখ্যা ৩টি খাতায় লিখে যোগ করতে হবে। যার যোগফল বেশি হবে সে বিজয়ী হবে।

সমাধান : ছয়টি চার অঙ্কের সংখ্যা কার্ড :

২	৫	৬	৩

৩	০	২	৫

১	৫	৬	৮

৩	৬	০	২

৪	০	৩	১

১	৩	৪	২

লটারির মাধ্যমে ১ম জনের প্রাপ্ত তিনটি সংখ্যা কার্ড :

৩	০	২	৫

১	৫	৬	৮

৪	০	৩	১

লটারির মাধ্যমে ২য় জনের প্রাপ্ত তিনটি সংখ্যা কার্ড :

২	৫	৬	৩

৩	৬	০	২

১	৩	৪	২

১ম জনের প্রাপ্ত কার্ডে লেখা সংখ্যা তিনটি : ৩০২৫
১৫৬৮
+ ৪০৩১
যোগফল = ৮৬২৪

২য় জনের প্রাপ্ত কার্ডে লেখা সংখ্যা তিনটি : ২৫৬৩
৩৬০২
+ ১৩৪২
যোগফল = ৭৫০৭

এখানে, ৮৬২৪ > ৭৫০৭

অর্থাৎ, ১ম জনের প্রাপ্ত কার্ডের সংখ্যা তিনটির যোগফল, ২য় জনের প্রাপ্ত কার্ডের সংখ্যা তিনটির যোগফল থেকে বেশি। অতএব, ১ম জন বিজয়ী হয়েছে।

পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও সমাধান ২ নিজে করি

▸ পাঠ্যবই, পৃষ্ঠা-২৮ এর সমাধান

সেশন ৯ নিজে করি-১ (পাঁচ অঙ্কের সংখ্যা সর্বোচ্চ চারটি)

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

১ যোগ করি

(১) ১৫০৪ + ৬২৮২
(২) ৭৬২৭ + ১৪৩৮
(৩) ২৫৩৯ + ৬৭২
(৪) ৯৯ + ৪৩২২
(৫) ৮৫৩৭ + ৪২৬৫
(৬) ৪৩১২১ + ১৪৪৫৭
(৭) ১৬৩৮৪ + ১০৬২৩
(৮) ৬৩৯৯৪ + ৫১
(৯) ১১১ + ৯৯৮৮৯

সমাধান :

(১) ১৫০৪ + ৬২৮২ = ৭৭৮৬
(২) ৭৬২৭ + ১৪৩৮ = ৯০৬৫
(৩) ২৫৩৯ + ৬৭২ = ৩২১১
(৪) ৯৯ + ৪৩২২ = ৪৪২১
(৫) ৮৫৩৭ + ৪২৬৫ = ১২৮০২
(৬) ৪৩১২১ + ১৪৪৫৭ = ৫৭৫৭৮
(৭) ১৬৩৮৪ + ১০৬২৩ = ২৭০০৭
(৮) ৬৩৯৯৪ + ৫১ = ৬৪০৪৫
(৯) ১১১ + ৯৯৮৮৯ = ১০০০০০

২ যোগ করি

(১) ২৫৩১ + ৪০১২ + ১২৫৪
(২) ৭৬২১ + ৫৪৭ + ১০১৪
(৩) ৫২০০ + ১৯২০ + ২৭৮০
(৪) ৬১৭১ + ৩৫৩০ + ২০৪৮
(৫) ৬২৩১০ + ১৫৬০৭ + ২৩৪৯১
(৬) ৪৪২১৭ + ৫৩৮২ + ৮৯১
(৭) ৩০০৭ + ১৭২ + ২৭১২ + ১০৭১
(৮) ২৯০০ + ১৬০০ + ৩০০ + ২৪০০

সমাধান :

(১) ২৫৩১ + ৪০১২ + ১২৫৪ = ৭৭৯৭
(২) ৭৬২১ + ৫৪৭ + ১০১৪ = ৯১৮২
(৩) ৫২০০ + ১৯২০ + ২৭৮০ = ৯৯০০
(৪) ৬১৭১ + ৩৫৩০ + ২০৪৮ = ১১৭৪৯
(৫) ৬২৩১০ + ১৫৬০৭ + ২৩৪৯১ = ১০১৪০৮
(৬) ৪৪২১৭ + ৫৩৮২ + ৮৯১ = ৫০৪৯০
(৭) ৩০০৭ + ১৭২ + ২৭১২ + ১০৭১ = ৬৯৬২
(৮) ২৯০০ + ১৬০০ + ৩০০ + ২৪০০ = ৭২০০

৩ লুসাই চাকমা তার মুদির দোকান থেকে প্রথম সপ্তাহে ১৬৮০ টাকা, দ্বিতীয় সপ্তাহে ৮৯০ টাকা এবং তৃতীয় সপ্তাহে ১০০০ টাকা লাভ করেন। এই তিন সপ্তাহে তার মোট লাভের পরিমাণ কত?

প্রথম সপ্তাহে	১৬৮০ টাকা
দ্বিতীয় সপ্তাহে	৮৯০ টাকা
তৃতীয় সপ্তাহে	১০০০ টাকা
মোট লাভের পরিমাণ =	

সমাধান : প্রথম সপ্তাহে ১৬৮০ টাকা
দ্বিতীয় সপ্তাহে ৮৯০ টাকা
তৃতীয় সপ্তাহে ১০০০ টাকা
মোট লাভের পরিমাণ = ৩৫৭০ টাকা (যোগ করে)

∴ তিন সপ্তাহে তার মোট লাভের পরিমাণ ৩৫৭০ টাকা।

৪ লিমা ২৬১ পৃষ্ঠা, ২৭৫ পৃষ্ঠা ও ৩৫০ পৃষ্ঠার তিনটি গল্পের বই এক মাসে পড়েছে। সে ঐ মাসে কত পৃষ্ঠা বই পড়েছে?

সমাধান : প্রথম গল্পের বইয়ে আছে ২৬১ পৃষ্ঠা
দ্বিতীয় গল্পের বইয়ে আছে ২৭৫ পৃষ্ঠা
তৃতীয় গল্পের বইয়ে আছে ৩৫০ পৃষ্ঠা
বই তিনটিতে মোট আছে ৮৮৬ পৃষ্ঠা (যোগ করে)

লিমা ঐ মাসে মোট ৮৮৬ পৃষ্ঠা বই পড়েছে।

৫ রাজন বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় ৮০০ মিটার, ১০০০ মিটার ও ৪০০ মিটার দৌড়ায়। সে মোট কত মিটার দৌড়ায়?

সমাধান : রাজন বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায়,
দৌড়ায় ৮০০ মিটার
১০০০ মিটার
৪০০ মিটার
রাজন মোট দৌড়ায় ২২০০ মিটার (যোগ করে)

∴ সে মোট ২২০০ মিটার দৌড়ায়।

৬ রিনাদের ফল বাগানের ৩টি আম গাছ থেকে যথাক্রমে ৬৪৫টি, ৭২৯টি ও ৮৯০টি আম পাড়া হয়েছিল। ঐ বাগান থেকে কতগুলো আম পাড়া হয়েছিল?

সমাধান : প্রথম গাছ থেকে আম পাড়া হয়েছিল ৬৪৫টি
দ্বিতীয় গাছ থেকে আম পাড়া হয়েছিল ৭২৯টি
তৃতীয় গাছ থেকে আম পাড়া হয়েছিল ৮৯০টি
মোট আম পাড়া হয়েছিল ২২৬৪টি

∴ বাগান থেকে মোট ২২৬৪টি আম পাড়া হয়েছিল।

সেশন ১০ | নিজে করি-২ ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

৭ একটি নার্সারিতে ৭২৫টি গোলাপ, ৮৪০টি জবা ও ৯৪৫টি গাঁদা ফুলের চারা আছে। ঐ নার্সারিতে কতগুলো চারাগাছ আছে?

সমাধান : গোলাপ ফুলের চারাগাছ আছে ৭২৫ টি
জবা ফুলের চারাগাছ আছে ৮৪০ টি
গাঁদা ফুলের চারাগাছ আছে ৯৪৫টি
মোট চারাগাছ আছে ২৫১০টি

∴ নার্সারিতে মোট ২৫১০টি চারাগাছ আছে।

৮ একটি গ্রামে ৪৫৩৬ জন নারী ও ৪৮৭৯ জন পুরুষ বাস করেন। ঐ গ্রামে মোট কতজন লোক বাস করেন?

সমাধান : নারী ৪৫৩৬ জন
পুরুষ ৪৮৭৯ জন
মোট লোক ৯৪১৫ জন (যোগ করে)

∴ ঐ গ্রামে মোট ৯৪১৫ জন লোক বাস করেন।

৯ লিজন বইমেলায় প্রথম দিনে ১২৫০ টাকা, দ্বিতীয় দিনে ১৪৬০ টাকা, তৃতীয় দিনে ১৫৭৫ টাকা ও চতুর্থ দিনে ২০০০ টাকার বই বিক্রি করেন। চার দিনে মোট কত টাকার বই বিক্রি করেন?

সমাধান : প্রথম দিনে বই বিক্রি করেন ১২৫০ টাকার
দ্বিতীয় দিনে বই বিক্রি করেন ১৪৬০ টাকার
তৃতীয় দিনে বই বিক্রি করেন ১৫৭৫ টাকার
চতুর্থ দিনে বই বিক্রি করেন ২০০০ টাকার
চার দিনে বই বিক্রি করেন মোট ৬২৮৫ টাকার

∴ চার দিনে মোট ৬২৮৫ টাকার বই বিক্রি করেন।

১০ একটি গুদামে ৮৩৭৫ বস্তা চিনি, ১১৮৬০ বস্তা গম ও ১২৭২০ বস্তা চাল আছে। ঐ গুদামে মোট কত বস্তা জিনিস আছে?

সমাধান : চিনি আছে ৮৩৭৫ বস্তা
গম আছে ১১৮৬০ বস্তা
চাল আছে ১২৭২০ বস্তা
মোট জিনিস আছে ৩২৯৫৫ বস্তা

∴ ঐ গুদামে মোট ৩২৯৫৫ বস্তা জিনিস আছে।

১১ ৩৫৫ + ১৮০ + ৪৮৯ = ☐ বাক্যটি দিয়ে একটি গল্প তৈরি কর।

সমাধান : গাণিতিক বাক্য : ৩৫৫ + ১৮০ + ৪৮৯ = ☐

গল্প : একটি পুকুরে ৩৫৫টি রুই মাছের পোনা, ১৮০টি কাতলা মাছের পোনা এবং ৪৮৯টি তেলাপিয়া মাছের পোনা ছাড়া হলো। ঐ পুকুরে মোট কতগুলো পোনা ছাড়া হলো?

৩৫৫ + ১৮০ + ৪৮৯ = [১০২৪]

∴ ঐ পুকুরে মোট ১০২৪টি পোনা ছাড়া হলো।

বি. দ্র. এরকম বিভিন্ন গল্প তৈরি করা যায়।

শিক্ষক সহায়িকা অনুসরণে অতিরিক্ত অ্যাক্টিভিটি — আরও শিখে নিই

সেশন ৩ স্থানীয়মান ব্যবহার করে যোগ করে খালিঘর পূরণ করি (অনূর্ধ্ব চার অঙ্কের সংখ্যা সর্বোচ্চ তিনটি)

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

প্রশ্ন ১ | চার অঙ্কের সংখ্যার যোগ কর :

১৫৩৮ + ৩২৬১ = ☐

সমাধান : ১৫৩৮ + ৩২৬১ = [৪৭৯৯]

প্রশ্ন ২ | যোগ কর :

৩৪১২ + ২১৬৬ + ৪৩২১ = ☐

সমাধান :

	৩	৪	১	২
	২	১	৬	৬
+	৪	৩	২	১
	৯	৮	৯	৯

একক স্থান : ২ + ৬ + ১ = ৯
দশক স্থান : ১ + ৬ + ২ = ৯
শতক স্থান : ৪ + ১ + ৩ = ৮
হাজার স্থান : ৩ + ২ + ৪ = ৯

∴ ৩৪১২ + ২১৬৬ + ৪৩২১ = [৯৮৯৯]

প্রশ্ন ৩ | সংখ্যা কার্ড নিয়ে খেলা : কাগজ কেটে কয়েকটি সংখ্যা কার্ড তৈরি কর। কার্ডগুলো থেকে ইচ্ছেমতো কার্ড নিয়ে চার অঙ্কের সংখ্যা তৈরি কর। প্রাপ্ত সংখ্যাটি বন্ধুর সংখ্যার সঙ্গে যোগ কর।

সমাধান : কাগজ কেটে কয়েকটি সংখ্যা কার্ড তৈরি করা হলো।

[১] [১০] [১০০] [১০০০] [১] [২] [৩] [৪]

এখন, কার্ডগুলো থেকে ইচ্ছেমতো কার্ড নিয়ে চার অঙ্কের সংখ্যা হলো : [১] [১] [৩] [২]

মনে করি, বন্ধুর সংখ্যা [৪] [১] [২] [৩]

আমার প্রাপ্ত সংখ্যাটি বন্ধুর সংখ্যার সঙ্গে যোগ করি :

	১	১	৩	২
+	৪	১	২	৩
	৫	২	৫	৫

সেশন ৬ হিসাব করি (অনূর্ধ্ব চার অঙ্কের সংখ্যা সর্বোচ্চ চারটি)

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

প্রশ্ন ৪ | একটি মেলায় গতকাল ৩০৩২ জন দর্শনার্থী এসেছিল এবং আজকে ২৮৪১ জন দর্শনার্থী এসেছে। দুই দিনে মেলায় মোট কতজন দর্শনার্থী এসেছে?

সমাধান : গাণিতিক বাক্য : ৩০৩২ + ২৮৪১ = ☐

হিসাব : ৩০৩২
+ ২৮৪১
৫৮৭৩

∴ ৩০৩২ + ২৮৪১ = ৫৮৭৩

∴ দুই দিনে মেলায় মোট ৫৮৭৩ জন দর্শনার্থী এসেছে।

সেশন ৭ গাণিতিক বাক্য ব্যবহার করে হিসাব করি (অনূর্ধ্ব চার অঙ্কের সংখ্যা সর্বোচ্চ চারটি) ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

প্রশ্ন ৫ | পাশের ছকটি জানুয়ারি থেকে এপ্রিল মাস পর্যন্ত প্রতি মাসের দিনের সংখ্যা দেওয়া আছে। চার মাসে সর্বমোট কত দিন?

জানুয়ারি মাস	৩১ দিন
ফেব্রুয়ারি মাস	২৮ দিন
মার্চ মাস	৩১দিন
এপ্রিল মাস	৩০দিন

সমাধান :

জানুয়ারী মাস	৩১ দিন
ফেব্রুয়ারি মাস	২৮ দিন
মার্চ মাস	৩১ দিন
এপ্রিল মাস	৩০ দিন
মোট	১২০ দিন

∴ চার মাসে সর্বমোট ১২০ দিন।

সেশন ৮ খালিঘরে ইচ্ছেমতো সংখ্যা বসিয়ে যোগ করি ও গল্প তৈরি করি (অনূর্ধ্ব পাঁচ অঙ্কের সংখ্যা সর্বোচ্চ চারটি)

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

প্রশ্ন ৬ | সংখ্যা কার্ড দিয়ে জোড়ায় জোড়ায় খেলি।

ছয়টি চার অঙ্কের সংখ্যা কার্ড থেকে ৩টি কার্ড লটারির মাধ্যমে নিয়ে, কার্ডে লেখা সংখ্যা ৩টি খাতায় লিখে যোগ করতে হবে। যার যোগফল বেশি হবে সে বিজয়ী হবে।

সমাধান : ছয়টি চার অঙ্কের সংখ্যা কার্ড :

[৩|৫|৬|৩] [৪|০|২|৫] [২|৫|৬|৮]

[২|৬|০|২] [৩|০|৩|১] [২|৩|৪|২]

লটারির মাধ্যমে ১ম জনের প্রাপ্ত তিনটি সংখ্যা কার্ড :

[৪|০|২|৫] [২|৫|৬|৮] [৩|০|৩|১]

লটারির মাধ্যমে ২য় জনের প্রাপ্ত তিনটি সংখ্যা কার্ড :

[৩|৫|৬|৩] [২|৬|০|২] [২|৩|৪|২]

১ম জনের প্রাপ্ত কার্ডে লেখা সংখ্যা তিনটি : ৪০২৫
২৫৬৮
+ ৩০৩১
যোগফল = ৯৬২৪

২য় জনের প্রাপ্ত কার্ডে লেখা সংখ্যা তিনটি : ৩৫৬৩
২৬০২
+ ২৩৪২
যোগফল = ৮৫০৭

এখানে, ৯৬২৪ > ৮৫০৭

অর্থাৎ, ১ম জনের প্রাপ্ত কার্ডের সংখ্যা তিনটির যোগফল, ২য় জনের প্রাপ্ত কার্ডের সংখ্যা তিনটির যোগফল থেকে বেশি।

অতএব, ১ম জন বিজয়ী হয়েছে।

মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ — সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

গাণিতিক ধারণা — তত্ত্বীয় প্রশ্নাবলির উত্তর লিখি

● সংক্ষেপে উত্তর দাও :

■ যোগ

প্রশ্ন ১। যোগ সংক্রান্ত সমস্যার কোন শব্দগুলো ব্যবহার হয়?
উত্তর : সবমিলিয়ে, মোট, একত্রে ইত্যাদি।

প্রশ্ন ২। যোগ করার ক্ষেত্রে সংখ্যার মান বাড়ে নাকি কমে?
উত্তর : বাড়ে।

প্রশ্ন ৩। রাজু ও সাজুর বয়স যথাক্রমে ৮ বছর ও ১২ বছর। তাদের বয়সের সমষ্টি কত?
উত্তর : ২০ বছর।

■ স্থানীয় মান ব্যবহার করে যোগ

প্রশ্ন ৪। ৫৭৬ + ৪৮৬ রাশিটির দশক স্থানের সংখ্যা যোগ করলে কত হয়?
উত্তর : ১৪।

প্রশ্ন ৫। ৪৫৩ + ৩২৫ হিসাবটির শতক স্থানের সংখ্যা যোগ করলে যোগফল কত হবে?
উত্তর : ৭।

প্রশ্ন ৬। ৭৮৯৬ + ৯০৫৩ রাশিটির সংখ্যা দুটির হাজার স্থানের অঙ্ক দুটির সমষ্টি কত?
উত্তর : ১৬।

প্রশ্ন ৭। ৮ শতক ২ দশক ৫ একক এবং ৩ শতক ৬ দশক ২ একক যোগ করলে যোগফল কত হয়?
উত্তর : ১১৮৭।

■ হাতে না রেখে যোগ

প্রশ্ন ৮। ১০৮ + ২১১ + ৩৬০ = কত?
উত্তর : ৬৭৯।

প্রশ্ন ৯। ১৪৭ + ৪০১ + ২৫১ = □।
উত্তর : ৭৯৯।

প্রশ্ন ১০। ৩৪৭ + ২০ + ১ = □।
উত্তর : ৩৬৮

প্রশ্ন ১১। ৩০৪ ও ৫১২ এর সমষ্টি কত?
উত্তর : ৮১৬।

প্রশ্ন ১২। ২১৩৪ + ২০১২ + ৫৩১১ = কত?
উত্তর : ৯৪৫৭।

প্রশ্ন ১৩। □ ১৩১ + ৪২৫১ = ৯৩৮২। খালি ঘরের সংখ্যাটি কত হবে?
উত্তর : ৫।

■ হাতে রেখে যোগ

প্রশ্ন ১৪। ৫৭৮ + ৬৩৭ = কত? উত্তর : ১২১৫।

প্রশ্ন ১৫। রনির কাছে ৯০৫৭ টাকা আছে ও জনির কাছে ২৫০০ টাকা আছে। দুজনের একত্রে কত টাকা আছে? উত্তর : ১১৫৫৭।

প্রশ্ন ১৬। চার অঙ্কের বৃহত্তম সংখ্যা ও তিন অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যার যোগফল কত? উত্তর : ১০০৯৯।

প্রশ্ন ১৭। ৮৩৫৬ + ৩৪১২ + ৫৪৯০ = □; খালি ঘরে কত হবে?
উত্তর : ১৭২৫৮।

প্রশ্ন ১৮। রুমির কাছে ৫৮৭, সুমির কাছে ৬৯০ ও সুমার কাছে ৪৭৫ টাকা আছে। তিনজনের টাকার সমষ্টি কত?
উত্তর : ১৭৫২ টাকা।

প্রশ্ন ১৯। ১২৫৪৭ + ৩৪৮৭৬ = ? উত্তর : ৪৭৪২৩।

প্রক্রিয়াগত ধারণা — গাণিতিক প্রশ্নাবলির উত্তর লিখি

● শূন্যস্থান পূরণ কর :

১। ৪১৫৩ ——— ৩৬৯২ = ৭৮৪৫।
২। ——— ৯৬ + ২১০ = ৯০৬।
৩। ২৭৮৫ + ৫৪২৯ = ———।
৪। যোগ এর অপর নাম ———।
৫। ১০০ এর সাথে ——— যোগ করলে ২০০ হয়।
৬। ৯৯৯ + ——— = ১০০০।
৭। ৯৯৯৯ + ২০ = ———।
৮। ৭ + ৬ + ——— + ৩ = ২০।
৯। যোগ করলে সংখ্যার মান ——— পায়।

সমাধান : ১। + ২। ৬; ৩। ৮২১৪; ৪। সমষ্টি; ৫। ১০০; ৬। ১; ৭। ১০০১০; ৮। ৪; ৯। বৃদ্ধি।

● মিলকরণ :

প্রশ্ন ১। দাগ টেনে মিল কর।

(ক) ২৫৩ + ৫২৬ =	৩৭৬
(খ) ১৭৯ + ২১০ =	৫৬৯
(গ) ৮১১ + ১১১ =	৮৪৬
(ঘ) ১০৪ + ২৫০ + ২২ =	৭৭৯
(ঙ) ২৫০ + ৩০৯ + ১০ =	৩৮৯
(চ) ৩৬৪ + ৪৮২ =	৯২২

সমাধান : দাগ টেনে মিল করি :

(ক) ২৫৩ + ৫২৬ =	৩৭৬
(খ) ১৭৯ + ২১০ =	৫৬৯
(গ) ৮১১ + ১১১ =	৮৪৬
(ঘ) ১০৪ + ২৫০ + ২২ =	৭৭৯
(ঙ) ২৫০ + ৩০৯ + ১০ =	৩৮৯
(চ) ৩৬৪ + ৪৮২ =	৯২২

প্রশ্ন ২। দাগ টেনে মিল কর।

(ক) একটি বাগানে ২৩টি আম গাছ, ১৫টি লিচু গাছ এবং ৫টি জাম গাছ আছে। বাগানে মোট গাছ আছে	৭৬০ টাকা
(খ) রহিমের ৩৪৫ টাকা ছিল। তার বাবা তাকে ২৩৫ টাকা এবং মা ১৮০ টাকা দিল। এখন তার মোট হলো।	৯৪৭৫ জন
(গ) একটি গ্রামে ৪৬৩৫ জন নারী এবং ৪৮৪০ জন পুরুষ বাস করেন। ঐ গ্রামে মোট লোক বাস করেন	৪৩ টি
(ঘ) রুমা বার্ষিক পরীক্ষায় বাংলায় ৮৫ নম্বর, ইংরেজিতে ৯০ নম্বর এবং গণিতে ৯৮ নম্বর পেল। সে তিন বিষয়ে মোট নম্বর পেল	১০৫৫ বস্তা
(ঙ) একটি দোকানে ৩৭৫ বস্তা চিনি, ১৮০ বস্তা ডাল এবং ৫০০ বস্তা চাল আছে। ঐ দোকানে মোট কত বস্তা জিনিস আছে।	২৭৩

সমাধান : দাগ টেনে মিল করি :

(ক) একটি বাগানে ২৩টি আম গাছ, ১৫টি লিচু গাছ এবং ৫টি জাম গাছ আছে। বাগানে মোট গাছ আছে	৭৬০ টাকা
(খ) রহিমের ৩৪৫ টাকা ছিল। তার বাবা তাকে ২৩৫ টাকা এবং মা ১৮০ টাকা দিল। এখন তার মোট হলো।	৯৪৭৫ জন
(গ) একটি গ্রামে ৪৬৩৫ জন নারী এবং ৪৮৪০ জন পুরুষ বাস করেন। ঐ গ্রামে মোট লোক বাস করেন	৪৩ টি
(ঘ) রুমা বার্ষিক পরীক্ষায় বাংলায় ৮৫ নম্বর, ইংরেজিতে ৯০ নম্বর এবং গণিতে ৯৮ নম্বর পেল। সে তিন বিষয়ে মোট নম্বর পেল	১০৫৫ বস্তা
(ঙ) একটি দোকানে ৩৭৫ বস্তা চিনি, ১৮০ বস্তা ডাল এবং ৫০০ বস্তা চাল আছে। ঐ দোকানে মোট কত বস্তা জিনিস আছে।	২৭৩

সমস্যা সমাধান — বিশ্লেষণীয় প্রশ্নগুলো সমাধান করি

প্রশ্ন ১। রুবেল একটি মুদী দোকান থেকে ৬২৪ টাকা দিয়ে ১২ কেজি চাল এবং ৪৩২ টাকা দিয়ে ৪ কেজি ডাল কিনলো। সে দোকানদারকে কত টাকা দিবে?

সমাধান : চাল কিনলো ৬২৪ টাকা
ডাল কিনলো ৪৩২ টাকা

মোট কিনলো ১০৫৬ টাকা [যোগ করে]

∴ সে দোকানদারকে ১০৫৬ টাকা দিবে।

প্রশ্ন ২। মিজানদের পুকুরে ৩৪৪টি রুই মাছ, ২৩৬টি চিতল মাছ এবং ৩৬০টি কাতল মাছ আছে। ঐ পুকুরে মোট কতটি মাছ আছে?

সমাধান : পুকুরে রুই মাছ আছে ৩৪৪ টি
পুকুরে চিতল মাছ আছে ২৩৬ টি
পুকুরে কাতল মাছ আছে ৩৬০ টি

পুকুরে মোট মাছ আছে ৯৪০ টি [যোগ করে]

∴ ঐ পুকুরে মোট ৯৪০টি মাছ আছে।

প্রশ্ন ৩। কাগজ কেটে চারটি সংখ্যা কার্ড তৈরি করা হলো। [৩০৪৬], [৮৪০], [৫৩৪২] এবং [৪৬০০] সংখ্যা কার্ডগুলোর যোগফল কত?

সমাধান : ৩০৪৬ + ৮৪০ + ৫৩৪২ + ৪৬০০ = ১৩৮২৮
নির্ণেয় যোগফল ১৩৮২৮।

প্রশ্ন ৪। ফাঁকাঘরে সঠিক সংখ্যা বসাও।

৩৪[ ]২ + ২[ ]৩১ + ৪২[ ]৬ = ৯[ ]৮৯

সমাধান : ৩৪[১]২ + ২[১]৩১ + ৪২[৪]৬ = ৯[৭]৮৯

প্রশ্ন ৫। একটি দোকানে জানুয়ারি মাসে ৩৪২৯৫ টাকার চকলেট, ১৩৭২০ টাকার বিস্কুট এবং ১৪৮৫৩ টাকার চানাচুর বিক্রি হয়।
(ক) দোকানে কত টাকার চকলেট ও চানাচুর বিক্রি হয়?
(খ) দোকানে সর্বমোট কত টাকা বিক্রি হয়?

▸ পাঠ্যবই, পৃষ্ঠা-২৬; সমস্যা-৩ এর আলোকে

৫নং প্রশ্নের সমাধান :

(ক) চকলেট বিক্রি হয় ৩৪২৯৫ টাকার
চানাচুর বিক্রি হয় (+) ১৪৮৫৩ টাকার

∴ চকলেট ও চানাচুর বিক্রিয় হয় ৪৯১৪৮ টাকার
∴ দোকানে ৪৯১৪৮ টাকার চকলেট ও চানাচুর বিক্রি হয়।

(খ) 'ক' হতে পাই,
চকলেট ও চানাচুর বিক্রি হয় ৪৯১৪৮ টাকার
এবং বিস্কুট বিক্রিয় হয় (+) ১৩৭২০ টাকার

∴ দোকানে সর্বমোট বিক্রি হয় ৬২৮৬৮ টাকার
∴ সর্বমোট ৬২৮৬৮ টাকা বিক্রি হয়।

প্রশ্ন ৬। জামালদের ফল বাগানের ৩টি গাছ থেকে যথাক্রমে ৭৬৫টি, ৮৮৭টি ও ৮৯০টি আম এবং ২টি কাঁঠাল গাছ থেকে ৩৫৬টি কাঁঠাল পাড়া হয়েছিল।
(ক) বাগান থেকে মোট কতটি আম পাড়া হয়েছিল?
(খ) বাগান থেকে পেড়ে আনা আম ও কাঁঠালের সমষ্টি কত?

৬নং প্রশ্নের সমাধান :

(ক) বাগান থেকে মোট আম পাড়া হয়েছিল
= (৭৬৫ + ৮৮৭ + ৮৯০)টি = ২৫৪২টি
∴ বাগান থেকে মোট ২৫৪২টি আম পাড়া হয়েছিল।

(খ) 'ক' হতে পাই,
পেড়ে আনা মোট আমের সংখ্যা ২৫৪২টি
পেড়ে আনা মোট কাঁঠালের সংখ্যা (+) ৩৫৬টি

∴ পেড়ে আনা আম ও কাঁঠারের সংখ্যার সমষ্টি ২৮৯৮টি
নির্ণেয় সমষ্টি ২৮৯৮টি।

শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

শিক্ষার্থীর শিখন/পাঠ সম্পন্ন হওয়ার পর শিক্ষক/অভিভাবকগণ নিচের **'পাঠোত্তর মূল্যায়ন ও নির্দেশনা ছক'** ব্যবহার করে মূল্যায়নের জন্য প্রযোজ্য স্থানে টিক (✓) চিহ্ন প্রদান করে অগ্রগতি যাচাই করবেন। কোনো শিখনযোগ্যতা/নির্দেশকের ক্ষেত্রে অগ্রগতি সন্তোষজনক না হলে তা পুনরায় অনুশীলনের উদ্যোগ নিতে হবে।

শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা	পারদর্শিতা সূচক	পারদর্শিতার মাত্রা		
		প্রারম্ভিক	ভালো	উত্তম
২.৩ যোগ-বিয়োগ সংক্রান্ত সমস্যা সমাধানের ধাপসমূহের ধারাবাহিকতা (অ্যালগরিদম) অনুযায়ী সমাধান করে উৎসাহের সাথে দৈনন্দিন জীবনের বিভিন্ন সমস্যা সমাধান করতে পারা।	যোগের ধারণা ব্যবহার করে উপরনিচ ও পাশাপাশি যোগ করতে পারা।			
	দৈনন্দিন জীবনের যোগ সংক্রান্ত বিভিন্ন সমস্যা উৎসাহের সাথে সমাধান করতে পারা			

ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

তারিখ : ☐☐☐

ধারাবাহিক মূল্যায়ন

সময় : ৩০ মিনিট

শিক্ষার্থীর নাম : .... শ্রেণি : .... রোল নম্বর : ☐

১ ▶ যোগ কর :

(ক) ৩৩৩ + ৪৪ = ☐

(খ) ৫৩ + ৪১২ = ☐

(গ) ২২২ + ১১১ + ৫৫৫ = ☐

(ঘ) ২০০ + ৩০০ + ৪০০ = ☐

২ ▶ খালিঘরের সংখ্যা খুঁজে বের কর :

(ক)
```
  ৪ ১ ☐ ০
    ☐ ৩ ৪
  ☐ ০ ৪ ৫
  ---------
  ৬ ৩ ৯ ☐
```

(খ)
```
  ৩ ০ ☐ ০
  ☐ ৬ ২ ৭
  ৪ ☐ ০ ১
  ---------
  ৮ ৮ ৬ ☐
```

৩ ▶ দাগ টেনে মিল কর :

(ক) ২৫৩ + ৫২৬ =	৩৭৬
(খ) ১৭৯ + ২১০ =	৫৬৯
(গ) ৮১১ + ১১১ =	৮৪৬
(ঘ) ১০৪ + ২৫০ + ২২ =	৭৭৯
(ঙ) ২৫০ + ৩০৯ + ১০ =	৩৮৯
(চ) ৩৬৪ + ৪৮২ =	৯২২

৪ ▶ মিজানদের পুকুরে ৩৪৪টি রুই মাছ, ২৩৬টি চিতল মাছ এবং ৩৬০টি কাতল মাছ আছে। ঐ পুকুরে মোট কতটি মাছ আছে?

উত্তরমালা

১ ▶ (ক) ৩৩৩ + ৪৪ = ৩৭৭

(খ) ৫৩ + ৪১২ = ৪৬৫

(গ) ২২২ + ১১১ + ৫৫৫ = ৮৮৮

(ঘ) ২০০ + ৩০০ + ৪০০ = ৯০০

২ ▶

(ক)
```
  ৪ ১ [২] ০
    [২] ৩ ৪
  [২] ০ ৪ ৫
  ------------
  ৬ ৩ ৯ [৯]
```

(খ)
```
  ৩ ০ [৪] ০
  [১] ৬ ২ ৭
  ৪ [২] ০ ১
  ------------
  ৮ ৮ ৬ [৮]
```

৩ ▶ দাগ টেনে মিল করা হলো :

(ক) ২৫৩ + ৫২৬ =	৩৭৬
(খ) ১৭৯ + ২১০ =	৫৬৯
(গ) ৮১১ + ১১১ =	৮৪৬
(ঘ) ১০৪ + ২৫০ + ২২ =	৭৭৯
(ঙ) ২৫০ + ৩০৯ + ১০ =	৩৮৯
(চ) ৩৬৪ + ৪৮২ =	৯২২



৪ ▶ ৪১ পৃষ্ঠার ২নং প্রশ্ন ও সমাধান দ্রষ্টব্য।

মূল্যায়ন রিপোর্ট : শিখনের অর্জিত মাত্রা ☐